# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

# বাজেট
# ২০২৩-২৪




**মনিটরিং সেল**

অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

www.mof.gov.bd

# রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ

## ১. ভূমিকা

১৯৫৩ সালের টি.আই.এ্যাক্ট এর ভিত্তিতে ১৯৫৬ সালের আগষ্ট মাসে ঢাকা ইমপ্রুভমেন্ট ট্রাস্ট (DIT) প্রতিষ্ঠিত হয়। পরবর্তীতে ৩০ শে এপ্রিল ১৯৮৭ ইং তারিখে জারিকৃত The Town Improvement (Amendment) Ordinance, 1987 ক্ষমতা বলে (DIT) অবলুপ্ত করে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক) নামকরণ করা হয়। রাজউক গৃহায়ন ও গণপূর্ত মন্ত্রণালয়ের অধীনস্ত একটি স্বায়ত্তশাসিত সংস্থা। সংস্থাটি প্রতিষ্ঠিত হওয়ার পর রাজধানীর গুরুত্বপূর্ণ সড়কসহ পরিকল্পিত আবাসিক, বাণিজ্যিক ও শিল্প এলাকা সৃষ্টির উদ্দেশ্যে প্রয়োজনীয় জমি হুকুম দখলের ব্যবস্থা করা ও উক্ত হুকুম দখলকৃত জায়গা জমি সুষ্ঠুভাবে বরাদ্দের ব্যবস্থা গ্রহণ এবং ক্ষতিগ্রস্থদের পুনর্বাসন করে থাকে। এছাড়াও পুরাতন রাস্তা সংস্কার, নতুন রাস্তাঘাট নির্মাণ, ঘনবসতিপূর্ণ অবৈধ বস্তি উচ্ছেদ, শ্রান্তি বিনোদন কেন্দ্র ও নির্মল আলো-বাতাস চলাচল কল্পে পার্ক ও খেলার মাঠ নির্মাণ ইত্যাদি কাজের মাধ্যমে নারায়ণগঞ্জসহ ঢাকা মহানগরী ও সন্নিকটস্থ ড্যাপ এর আওতাভূক্ত এলাকায় সুশৃঙ্খল ও পরিকল্পিত উন্নতি সাধনই রাজউক কর্তৃপক্ষের গৃহীত প্রকল্পের লক্ষ্য ও উদ্দেশ্য। রাজউকের এ কাজে গতিশীলতা আনয়নের লক্ষ্যে ইতোমধ্যে মহাখালী, উত্তরা ও ধানমন্ডিতে রাজউকের জোনাল অফিস এবং রাজউকের তিনটি বৃহৎ প্রকল্প (পূর্বাচল, উত্তরা, ঝিলমিল) এলাকায় সাইট অফিস স্থাপন করে গ্রাহক সেবা সহজীকরণ করা হয়েছে এবং সর্বমোট ৮টি জোনাল অফিস এর কার্যক্রম শুরু হয়েছে। তাছাড়া ডিটেইলড এরিয়া প্ল্যান (ড্যাপ) ২০১৬-২০৩৫ (ডিএমপি এরিয়া) প্রণয়নের কার্যক্রম চলমান রয়েছে।

## ২. রূপকল্প (Vision)

রাজউক এর আওতাধীন এলাকার পরিকল্পিত ও টেকসই উন্নয়ন।

## ৩. অভিলক্ষ্য (Mission)

সুষ্ঠু পরিকল্পনা ও গবেষণার মাধ্যমে জমির সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করে দেশের স্বল্প ও মধ্যম আয়ের মানুষের জন্য টেকসই, নিরাপদ, সাশ্রয়ী আবাসন এবং পরিকল্পিত নগরায়ন ।

## ৪. সংস্থার কৌশলগত উদ্দেশ্যসমূহ

- টেকসই, নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারণ।
- পরিকল্পিত নগরায়ন।
- সরকারি/আধা-সরকারি/স্বায়ত্বশাসিত দপ্তরসমূহের জন্য অধিক সুযোগ-সুবিধা সম্পন্ন ভবন/অফিস অবকাঠামোর উন্নয়নের লক্ষ্যে রাজউকের বাস্তবায়নাধীন প্রকল্পসমূহে প্রাতিষ্ঠানিক প্লট উন্নয়ন।
- সরকারি মালিকানাধীন জমির সুষ্ঠু ব্যবস্থাপনা নিশ্চিতকরণ।
- উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন।
- দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদান চুক্তি বাস্তবায়ন।
- প্রশাসনিক সংস্কার ও নৈতিকতার উন্নয়ন।
- তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন।
- আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন।

## ৫. প্রধান কার্যাবলি

- রাজউক আওতাধীন এলাকার মাস্টার প্লান, স্ট্রাকচার প্লান এবং ডিটেইল এরিয়া প্লান প্রণয়ন।
- পরিকল্পিত নতুন শহর নির্মাণ।
- যানজট নিরসনে সড়ক এবং সেতু ওভারপাস, ফ্লাইওভার ইত্যাদি সড়ক অবকাঠামো নির্মাণ, বহুতল কার পার্কিং নির্মাণ এবং পার্ক ও লেক সংরক্ষণ ও উন্নয়ন।
- বিদ্যমান আইন ও বিধিমালা মোতাবেক ইমারত নির্মাণ, বেসরকারি আবাসন প্রকল্প অনুমোদন ও উন্নয়ন নিয়ন্ত্রণ।

## ৬. তিন বছররের প্রধান অর্জনসমূহ

ক) রাস্তা নির্মাণ: ঢাকা শহরের পূর্ব পশ্চিম দিকে চলাচলের সুযোগ সৃষ্টি, সড়ক সংলগ্ন এলাকা আর্থসামাজিক ও পরিবেশ উন্নয়ন প্রগতি সরনী হতে বালু নদী পর্যন্ত ১০০ ফুট চওড়া ৬.১৮ কিঃমিঃ রাস্তা নির্মাণ। কুড়িল হতে বালু নদী পর্যন্ত ৬.৫ কিঃমিঃ দীর্ঘ ৮ লেন এক্সপ্রেসওয়ে ও ছয় লেন সার্ভিস রোড সহ মোট চৌদ্দ লেন এবং বালু নদী হতে কাঞ্চন পর্যন্ত ৬ কিঃমিঃ দীর্ঘ ৬ লেন এক্সপ্রেসওয়ে ৬ লেন সার্ভিস রোড সহ ১২ লেন সর্বমোট ১২.৫ কিঃমিঃ দীর্ঘ রাস্তা নির্মাণ। এছাড়া পূর্বাচল, উত্তরা ৩য় পর্ব ও ঝিলমিল আবাসিক এলাকায় প্রায় ৩৪০ কিঃমিঃ অভ্যন্তরীন রাস্তা নির্মাণ করা হয়েছে। হাতিরঝিল এলাকায় প্রায় ১৭ কিঃমিঃ রাস্তা নির্মাণ করা হয়েছে।

খ) ব্রীজ নির্মাণ: প্রগতি সরণীর মাদানী এভিনিউ সম্প্রসারণ প্রকল্পের আওতায় ৪টি ব্রীজ, কুড়িল-পূর্বাচল লিংক রোডের উপর ০৫টি এ্যাটগ্রেড ইন্টারসেকশন, ০৬টি ব্রীজ সম্প্রসারণ ও উক্ত রাস্তার উভয় পার্শ্বে খালের উপর ১৩টি আর্চ ব্রীজ নির্মান করা হয়েছে। হাতিরঝিল এলাকায় ০৪টি ব্রীজ, ০৪টি ওভার পাস, ২টি ইউলুপ ও ০৩টি ভায়াডাক্ট নির্মাণ করা হয়েছে। এছাড়া পূর্বাচল, উত্তরা ৩য় পর্ব ও ঝিলমিল প্রকল্পে বিগত ০৩ বছরে ৩৫টি ব্রীজ নির্মাণ করা হয়েছে।

গ) ভূমি উন্নয়ন: পূর্বাচল, উত্তরা ৩য় পর্ব ও ঝিলমিল প্রকল্পে বিগত ০৩ বছরে প্রায় ৯০০ একর জমির ভূমি উন্নয়ন কাজ সম্পন্ন করা হয়েছে।

ঘ) আবাসিক অবকাঠামো নির্মাণ: রাজউক বিগত ০৩ বছরে উত্তরার ১৮ নং সেক্টরে উত্তরা এপার্টমেন্ট প্রকল্পে ৭৯টি ভবনে ৬৬৩৬ টি ফ্ল্যাট নির্মাণ করেছে। এর মধ্যে ৬৬টি ভবনে ০৫ দফায় লটারীর মাধ্যমে এ পর্যন্ত ৫২০৮টি ফ্ল্যাটের আইডি ফ্ল্যাট গ্রহীতাদের নিকট প্রদান করা হয়েছে। ইতোমধ্যে প্রায় ৪১৫০ টি (কম/বেশি) ফ্ল্যাটের চাবি হস্তান্তর করা হয়েছে। হাতিরঝিল এলাকায় ২টি ভবনে ১১২টি ফ্ল্যাট নির্মাণ ও হস্তান্তর করা হয়েছে। রাজউক মালিবাগ আবাসিক এলাকায় ১৪ তলা বিশিষ্ট একটি আবাসিক কোয়ার্টার নির্মাণ করা হয়েছে। এছাড়া ঢাকার গুলশান, মোহাম্মদপুর, লালমাটিয়া ও ধানমন্ডি এলাকায় ৯টি পরিত্যক্ত বাড়ীতে বহুতল এপার্টমেন্ট ভবন নির্মাণ প্রকল্পের আওতায় ০৭টি বাড়ীতে মোট ১৩৬৬টি ফ্ল্যাট নির্মাণ কাজ সমাপ্ত হয়েছে। এর মধ্যে ৭১ টি ফ্ল্যাট হস্তান্তর করা হয়েছে এবং বাকী ৬৫টি ফ্ল্যাট লটারীর মাধ্যমে বরাদ্দের অপেক্ষায় রয়েছে।

ঙ) স্কুল ভবন নির্মাণ: পূর্বাচল নতুন শহর প্রকল্পের ১ নং সেক্টরে ইউসুফগঞ্জ স্কুল এন্ড কলেজ, ৪ নং সেক্টরে জনতা স্কুল ভবন নির্মাণ ও ৩ নং সেক্টরে প্রগতি উচ্চ বিদ্যালয় নির্মাণ করা হয়েছে। আগামী জানুয়ারী/ফেব্রুয়ারী, ২০২৩ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক স্কুলসমূহ উদ্বোধন করা হবে।

চ) সৌন্দর্যবর্ধন, জলাবদ্ধতা নিসরন ও পয়ঃনিস্কাশন: রাজউক কর্তৃক বাস্তবায়নাধীন কুড়িল পূর্বাচল লিংক রোডের উভয় পার্শ্বে ১০০ ফুট চওড়া খাল খনন ও উন্নয়ন প্রকল্পের আওতায় নিকুঞ্জ-২ আবাসিক এলাকায় ৭৫০ মিঃ দীর্ঘ খাল খনন ও উন্নয়ন কাজ সমাপ্ত হয়েছে। লিংক রোডের উভয় পার্শ্বে ১৩.২ কিঃমিঃ দীর্ঘ খাল খনন ও উন্নয়ন কাজ ৯০% সমাপ্ত করা হয়েছে। কুড়িল হতে এডি-৮ খাল পর্যন্ত ২ কিঃমিঃ দীর্ঘ ২.২ মিটার ব্যাসের জিআরপি পাইপের মাধ্যমে বর্জ্য ও ময়লা পানি নিষ্কাশন কাজ সম্পন্ন হয়েছে। এছাড়া হাতিরঝিল লেক উন্নয়ন ও হাতিরঝিল এলাকার বর্জ ব্যবস্থাপনা উন্নয়নে ১০.৪০ কিঃমিঃ মেইন ডাইভারশন স্যুয়ার লাইন ও ৭.৭০ কিঃমিঃ লোকাল ডাইভারশন স্যুয়ার লাইন নির্মাণ করা হয়েছে। এছাড়া হাতিরঝিলের পানি পরিশোধন যথাযথ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে।

## ৭. সংস্থার Key Performance Indicator (KPI)

- শহর উন্নয়ন ও সম্প্রসারণ।
- টেকসই নিরাপদ ও সাশ্রয়ী আবাসনের সুযোগ সম্প্রসারণ।
- স্ট্রাকচার প্লান, মাস্টার প্লান, ডিটেইল্ড এরিয়া প্ল্যান প্রণয়ন।
- যানজট নিরসনে সহায়তা।
- সরকারি নতুন স্থাপনা নির্মাণ ।
- বিদ্যমান স্থাপনা মেরামত ও রক্ষণাবেক্ষণ।

## ৮. সমস্যা ও চ্যালেঞ্জসমূহ

- বিভিন্ন শ্রেণি পেশার মানুষের জন্য আবাসনের সুযোগ সম্প্রসারণের লক্ষ্যে সারাদেশে যে সকল আবাসন প্রকল্প বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হয় বেশিরভাগ ক্ষেত্রেই সে সব প্রকল্পের জন্য জমি অধিগ্রহণ কাঙ্খিত সময়ের মধ্যে হয় না।
- জমি অধিগ্রহণ বিলম্বিত হলে জমির প্রকৃত মূল্য ডিপিপিতে অনুমোদিত ব্যয় অপেক্ষা বেড়ে যায়। বর্ধিত মূল্য অনুমোদনসহ অর্থ বিভাগ কর্তৃক অর্থ ছাড়ে আরো কিছু সময় ব্যয় হয়। বেশির ভাগ ক্ষেত্রেই অধিগ্রহণকৃত এলাকার স্থানীয় অধিবাসীরা প্রকল্প বাস্তবায়নের বিরুদ্ধাচারণ করে এবং মাঠ পর্যায়ে সক্রিয় উন্নয়ন বিরোধীদের অপশক্তির ইন্ধন ও অপতৎপরতার কারণে প্রকল্প বাস্তবায়ন বিলম্বিত হয়।
- ইতোমধ্যে নির্মাণ সামগ্রীর মূল্যও বেড়ে যায়। এভাবে প্রকল্পের ব্যয় এবং বাস্তবায়নকাল বেড়ে যায়। যে কারণে বরাদ্দ প্রাপকদের নিকট প্লট/ফ্লাট হস্তান্তর দীর্ঘসূত্রিতার সৃষ্টি হয়। বিদ্যমান প্রতিকূলতা মোকাবেলা করে ঢাকা মহানগরীর সর্বস্তরের মানুষের জন্য পর্যায়ক্রমে শতভাগ আবাসনের ব্যবস্থা করা রাজউকের জন্য একটি বড় চ্যালেঞ্জ।
- পাশাপাশি অনঅনুমোদিত ভাবে আবাসন প্রকল্প ও স্থাপনা নির্মাণ বন্ধ করে Detailed Area Plan (DAP) এবং বিদ্যমান আইন ও বিধিমালা মোতাবেক পরিকল্পিত নগর উন্নয়ন রাজউকের আরেকটি বড় চ্যালেঞ্জ।

## ৯. ভবিষ্যৎ পরিকল্পনা

- পূর্বাচল নতুন শহর, উত্তরা ৩য় পর্ব ও ঝিলমিল আবাসিক প্রকল্প এবং উত্তরা এপার্টমেন্ট প্রকল্পে উন্নয়ন কাজ সম্পন্ন ও সকল প্রকার নাগরিক সুবিধার সংস্থান করে জনসাধারণের বাস উপযোগী করা, ঢাকা মহানগরীর পরিবেশগত উন্নয়ন ও সৌন্দর্য বর্ধনের লক্ষ্যে পূর্বাচল লিংক রোডের উভয় পাশে খাল খনন ও উন্নয়ন, গুলশান-বনানী-বারিধারা ও উত্তরা লেকে বিদ্যমান সুয়ারেজ লাইন বিচ্ছিন্ন করণ, লেক খনন ও লেক পাড় সংরক্ষণ কাজের পাশাপাশি জনগণের বিনোদন সুবিধা সৃষ্টি, আবাসিক প্রকল্প এলাকায় লেক খনন ও উন্নয়ন, বৃক্ষ রোপন ইত্যাদি।
- তুরাগ নদীর পাশে বন্যা প্রবাহ এলাকা, জলাশয় সংরক্ষণ ও কমপ্যাক্ট টাউনশিপ উন্নয়ন প্রকল্প গড়ে তোলা হবে। প্রকল্পটি বাস্তবায়িত হলে পশ্চিমে তুরাগ নদীর বন্যা প্রবাহ অঞ্চলকে রক্ষা করা যাবে এবং সুরক্ষিত এলাকার মধ্যে জল ভিত্তিক বিনোদন সুবিধা গড়ে তোলা হবে। তাছাড়া বাস্তুসংবেদনশীল (Eco-friendly) সবুজ টাউনশিপ গড়ে তোলা হবে।
- কেরানীগঞ্জ মডেল টাউন-২য় পর্ব প্রকল্প সম্পন্নকল্পে ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ করা হয়েছে। প্রকল্পটি বাস্তবায়িত হলে ঢাকার অদূরে পরিকল্পিত বসবাসের সংস্থনি করে ঢাকা শহরের অত্যধিক জনসংখ্যার চাপ কমানো যাবে। এছাড়া যথাযথ নগরায়নের মাধ্যমে ঢাকা শহরের পরিবেশগত ভারসাম্য পুনরুদ্ধার, সকল নাগরিক সুবিধাদির সমন্বয়ে স্বয়ংসম্পূর্ণ , দূষণমুক্ত আবাসিক এলাকা ও বাণিজ্যিক এলাকা গড়ে তোলার মাধ্যমে ঢাকার ক্রমবর্ধমান আবাসন ও বাণিজ্যিক চাহিদা মেটানে এবং কেরানীগঞ্জ এলাকার আধুনিক নাগরিক সুবিধা , অর্থনৈতিক কার্যক্রম তথা নতুন শহরের বিস্তার ঘটানো যাবে।
- ঢাকা শহরে বিদ্যমান আবাসিক ভবনের বাণিজ্যিক ব্যবহার এবং অনুমোদিত ভবনের নকশায় চিহ্নিত কারপার্কিং স্থানের ভিন্ন ব্যবহার রোধ করার মাধ্যমে যানজট লাঘবকরণ ও ইউটিলিটি সার্ভিসের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণ।
- পূর্বাচল নতুন শহর প্রকল্প এলাকায় ২০,০০০ এপার্টমেন্ট নির্মাণ প্রকল্প, ঝিলমিল আবাসিক এলাকায় ২০,০০০ এপার্টমেন্ট নির্মাণ প্রকল্প, কেরানীগঞ্জ নতুন শহর প্রকল্প, তুরাগ নদের বন্যা প্রবাহ অঞ্চল সংরক্ষণ এবং কমপ্যাক্ট টাউনশিপ উন্নয়ন প্রকল্প, শেখ রাসেল ওয়াটার বেইজড বিনোদন পার্ক প্রকল্প, রাজউক অফিসার্স ক্লাব উন্নয়ন প্রকল্পসহ অন্যান্য প্রকল্পের কাজ দ্রুত বাস্তবায়ন করা।

**১০. রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত,** ২০২২-২৩**অর্থবছরের সংশোধিত ও ২০২১-২২ অর্থবছরের মোট আয়, মোট ব্যয়, ব্যয় উদ্বৃত্ত আয়/((ঘাটতি) নিম্নরূপ:**

(লক্ষ টাকায়)

| ক্রমিক নম্বর | বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| ১. | মোট আয় | ৪৪২৬৯.০০ | ৪৪১৪২.০০ | ৪১৭৪৭.০০ | ৩১০৭০.৭৭ |
| ২. | মোট ব্যয় | ১৫৯৮৩.৫০ | ১৫২৭৬.০০ | ১৪৭৩৩.৫০ | ১১৮৪৫.৩৭ |
| ৩. | ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) | ২৮২৮৫.৫০ | ২৮৮৬৬.০০ | ২৭০১৩.৫০ | ১৯২২৫.৪০ |

## ১১. বাজেট পর্যালোচনা

### ক. পরিচালন বৃত্তান্ত

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে আবাসিক খাতে যথাক্রমে ১৯০.০০ একর ও ১৮০.০০ একর এবং বাণিজ্যিক খাতে উক্ত অর্থবছরদ্বয়ে যথাক্রমে ৭০.০০ একর এবং ৮০.০০ একর করে জমি বরাদ্দ দেওয়ার পরিকল্পনা রয়েছে। কর্তৃপক্ষ ২০২১-২২ অর্থবছরে ২০০.০০ একর জমি আবাসিক খাতে বরাদ্দ প্রদান করেছে। কর্তৃপক্ষ ২০২১-২২ অর্থবছরে আবাসিক, বাণিজ্যিক, শিল্প কারখানা ও অন্যান্য উদ্দেশ্যে কোন জমি অধিগ্রহণ করেনি। কর্তৃপক্ষের ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ৪,০০০ বর্গ মিটার ও ১৫৫০০ বর্গ মিটার বাণিজ্যিক স্টল/দোকান নির্মাণ করার পরিকল্পনা রয়েছে। কর্তৃপক্ষ ২০২১-২২ অর্থবছরে ১২০০০ বর্গ মিটার বাণিজ্যিক স্টল/দোকান নির্মাণ করে। অন্যদিকে সংস্থা ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ৫৪০০.০০ বর্গ মিটার পার্ক স্থাপন করার পরিকল্পনা গ্রহণ করেছে।

সংস্থার ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে পরিব্যয় ব্যয় ফি খাতে যথাক্রমে ৬.০০ কোটি এবং ৫.০০ কোটি টাকা অর্জিত হবে বলে মর্মে প্রাক্কলন করা হয়েছে। কর্তৃপক্ষের রাজস্ব আয়ের উৎসসমূহের মধ্যে পরিব্যয় ফি, ইজারা জমির আয়, প্ল্যান ফি ও গ্রাউন্ড রেন্ট উল্লেখযোগ্য। সংস্থার মোট রাজস্ব আয় ২০২১-২২ অর্থবছরের তুলনায় ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৩৪১.৪৯ কোটি ও ৩৩২.৭৬ কোটি টাকা হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে মোট রাজস্ব আয়ের পরিমাণ ছিল ২৪১.৮৫ কোটি টাকা। সংস্থার বেতন ভাতাদি, কর্মচারী কল্যাণ ও সুবিধাদি, জ্বালানি ব্যয়, মেরামত ও রক্ষণাবেক্ষণ ব্যয় বৃদ্ধির কারণে মোট পরিচালন ব্যয় ২০২১-২২ অর্থবছরের তুলনায় ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ১৫২.৭৬ কোটি ও ১৫৯.৮৩ কোটি টাকা হবে বলে অনুমান করা যাচ্ছে। ২০২১-২২ অর্থবছরে মোট পরিচালন ব্যয়ের পরিমাণ ছিল ১১৮.৪৫ কোটি টাকা। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে অ-পরিচালন আয়সহ কর্তৃপক্ষের নীট উদ্বৃত্তের পরিমাণ যথাক্রমে ২৮৮.৬৬ কোটি ও ২৮২.৮৬ কোটি টাকায় দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে নীট উদ্বৃত্তের পরিমাণ ছিল ১৯২.২৫ কোটি টাকা।

### খ. মুনাফা ও তহবিল প্রবাহ

প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি, ব্যয় উদ্বৃত্ত আয়, অবচয়, প্রাপ্য নতুন মূলধন ইত্যাদির মাধ্যমে সংস্থার ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট ২০৭১.৭৯ কোটি টাকা তহবিল সংগ্রহ হবে বলে প্রাক্কলন করা হয়েছে। উক্ত বছরে সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি, স্থায়ী পরিচালন ও অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ এবং অন্যান্য খাতসহ মোট ১৮৮৬.৪২ কোটি টাকা তহবিল ব্যবহারের পর সংস্থার ১৮৫.৩৬ কোটি টাকা নীট উদ্বৃত্ত তহবিল থাকবে বলে হিসাব করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেটে ২৫৫২.৫০ তহবিলের বিপরীতে সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি, স্থায়ী পরিচালন ও অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ এবং

অন্যান্য খাতসহ মোট ১৫৮৯.১০ কোটি টাকা তহবিল ব্যবহারের পর সংস্থার ৯৬৩.৪০ কোটি টাকা নীট উদ্বৃত্ত তহবিল থাকবে বলে অনুমান করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে কর্তৃপক্ষের নীট তহবিল ঘাটতির পরিমাণ ছিল ১১৮.৫৩ কোটি টাকা।

## গ. মূল্যসংযোগ ও উৎপাদনশীলতা

| বিবরণ | একক | বাজেট<br>২০২৩-২৪ | সংশোধিত<br>২০২২-২৩ | সাময়িক<br>২০২১-২২ |
|---|---|---|---|---|
| ব্যয় উদ্বৃত্ত আয় | কোটি টাকা | ১৭২.৮৫ | ১৮৮.৬৬ | ১২৩.৩৯ |
| অবচয় | কোটি টাকা | ৫.৫০ | ৫.২৫ | ৪.৪২ |
| বেতন ও ভাতাদি | কোটি টাকা | ৭২.২৬ | ৬৯.৩৮ | ৫৪.৩৭ |
| মোট মূল্যসংযোগ (১+২+৩) | কোটি টাকা | ২৫০.৬১ | ২৬৩.২৯ | ১৮২.১৮ |
| কর্মী | সংখ্যা | ১৩১৪ | ১৩১৪ | ১০৮৪ |
| কর্মী প্রতি মূল্যসংযোগ | টাকা | ১৯০৭২২৯.৮৩ | ২০০৩৭২৯.০৭ | ১৬৮০৬২৭.৩০ |

২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্তৃপক্ষের মোট মূল্যসংযোগ প্রাক্কলন করা হয়েছে যথাক্রমে ২৬৩.২৯ কোটি ও ২৫০.৬১ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরে কর্তৃপক্ষের মোট মূল্যসংযোগের পরিমাণ ছিল ১৮২.১৮ কোটি টাকা। কর্মী প্রতি মূল্যসংযোগ ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে যথাক্রমে ২০০৩৭২৯.০৭ টাকা ও ১৯০৭২২৯.৮৩ টাকা করে হবে বলে হিসাব করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে কর্মী প্রতি মূল্যসংযোগ ছিল ১৬৮০৬২৭.৩০ টাকা।

## ঘ. বিনিয়োগ ও সঞ্চয়

| ক্রমিক নম্বর | বিবরণ | একক | বাজেট<br>২০২৩-২৪ | সংশোধিত<br>২০২১-২২ | সাময়িক<br>২০২০-২১ |
|---|---|---|---|---|---|
| ১. | বিনিয়োগ | কোটি টাকা | ৮২৮.১২ | ৫৫৬.৮০ | ৫৫৭.৬২ |
| ২. | সংরক্ষিত আয় (নীট মুনাফা বাদ লভ্যাংশ) | কোটি টাকা | ২৬৪.৫৫ | ২৭০.৩৬ | ১৮৭.২৫ |
| ৩. | অবচয় | কোটি টাকা | ২.৩৬ | ২.৩৪ | ২.২৯ |
| ৪. | মোট সঞ্চয় (২+৩) | কোটি টাকা | ২৬৬.৯১ | ২৭২.৭ | ১৮৯.৫৪ |

২০২১-২২ অর্থবছরে কর্তৃপক্ষের বিনিয়োগের পরিমাণ ছিল ৫৫৭.৬২ কোটি টাকা। ২০২১-২২ অর্থবছরের তুলনায় ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে এ বিনিয়োগের পরিমাণ বৃদ্ধি পেয়ে যথাক্রমে ৫৫৬.৮০ কোটি ও ৮২৮.১২ কোটি টাকা হবে মর্মে অনুমান করা হয়েছে। সংস্থার সংরক্ষিত আয় বৃদ্ধির কারণে মোট সঞ্চয়ের পরিমাণ ২০২১-২২ অর্থবছরের তুলনায় ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে বৃদ্ধি পেয়ে যথাক্রমে ২৭২.৭ কোটি ও ২৬৬.৯১ কোটি টাকা হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে মোট সঞ্চয়ের পরিমাণ ছিল ১৮৯.৫৪ কোটি টাকা।

## ঙ. মূলধন কাঠামো

৩০ জুন ২০২২ খ্রি. এর সাময়িক স্থিতিপত্রের ওপর ভিত্তি করে প্রস্তুতকৃত ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত স্থিতিপত্র অনুযায়ী কর্তৃপক্ষের মোট সম্পদের পরিমাণ যথাক্রমে ৩৩৯৩১.০৪ কোটি ও ৩৫৬৮৫.০৩ কোটি টাকা এবং ঋণ-মূলধন অনুপাত ৩:৯৭ এবং ৫:৯৫ দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২১-২২ অর্থবছরে ঋণ-মূলধন অনুপাত ছিল ১:৯৯ এবং মোট সম্পদের পরিমাণ ছিল ৩১৬৯৬.০৯ কোটি টাকা।

## চ. সরকারি কোষাগারে অবদান

২০২১-২২ অর্থবছরে কর্তৃপক্ষ ৫.০০ কোটি টাকা লভ্যাংশসহ মোট ৯০.৫৬ কোটি টাকা সরকারি কোষাগারে প্রদান করে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে ১৮.৩০ কোটি টাকা করে লভ্যাংশসহ মোট অবদানের পরিমাণ যথাক্রমে ১০১.৮৫ কোটি টাকা এবং ১০২.১০ কোটি টাকা হবে মর্মে প্রাক্কলন করা হয়েছে।

## ছ. জনবল

২০২১-২২ অর্থবছরে কর্তৃপক্ষের মোট জনবল ছিল ১০৮৪ জন। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে মোট জনবল ১৩১৪ জনে দাঁড়াবে মর্মে প্রাক্কলন করা হয়েছে। ২০২২-২৩ অর্থবছরের সংশোধিত বাজেট ও ২০২৩-২৪ অর্থবছরের প্রাক্কলিত বাজেটে কর্মী প্রতি বার্ষিক গড় বেতন ও ভাতাদি দাঁড়াবে যথাক্রমে ৫২৮০৪৪.০০ টাকা ও ৫৪৯৯৬২.০০ টাকা। ২০২১-২২ অর্থবছরে কর্মী প্রতি বার্ষিক গড় বেতন ও ভাতাদির পরিমাণ ছিল ৫০১৫৭৪.০০ টাকা।

প্রতিটি খাতে ব্যয়ের ক্ষেত্রে আর্থিক বিধি-বিধান অনুসরণ করতে হবে।

**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ**

**প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২৩-২৪**

| বিবরণ | একক | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| **জমির পরিমাণ** | | | | | |
| **প্রারম্ভিক জমির পরিমাণ** | | | | | |
| ১ . আবাসিক | একর | ১২৪৮৭.৯২ | ১২১৭৭.৯২ | ১২০৭৭.৯২ | ১২৩৭৭.৯২ |
| ২ . বাণিজ্যিক | একর | ২০৬৩.৭০ | ২০৩৩.৭০ | ১৯৮৩.৭০ | ২০৮৩.৭০ |
| ৩ . শিল্পকারখানা | একর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . অন্যান্য (রাস্তা, নর্দমা, পার্ক, স্কুল, মসজিদ ইত্যাদি ) | একর | ১৪৬৭.৪৫ | ১৩২০.৯৫ | ১৩২০.৯৫ | ১৩২৪.৪৫ |
| **ভূমি অধিগ্রহণ** | | | | | |
| ৫ . আবাসিক | একর | ০.০০ | ৫০০.০০ | ৫০০.০০ | ০.০০ |
| ৬ . বাণিজ্যিক | একর | ০.০০ | ১০০.০০ | ১০০.০০ | ০.০০ |
| ৭ . শিল্প কারখানা | একর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮ . অন্যান্য (রাস্তা, নর্দমা, পার্ক, স্কুল, মসজিদ ইত্যাদি ) | একর | ০.০০ | ১৫০.০০ | ১৫০.০০ | ০.০০ |
| **ভূমি বরাদ্দ, ইজারা** | | | | | |
| ৯ . আবাসিক | একর | ১৮০.০০ | ১৯০.০০ | ৩৫০.০০ | ২০০.০০ |
| ১০ . বাণিজ্যিক | একর | ৮০.০০ | ৭০.০০ | ১২৫.০০ | ৫০.০০ |
| ১১ . শিল্প কারখানা | একর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২ . অন্যান্য (রাস্তা,নর্দমা, পার্ক, স্কুল, মসজিদ ইত্যাদি ) | একর | ০.০০ | ৩.৫০ | ৩.৫০ | ৩.৫০ |
| ১৩ . বরাদ্দযোগ্য জমির শতকরা হার | % | ১.৬২ | ১.৬২ | ২.৯৭ | ১.৬১ |
| **বৎসর শেষে জমির পরিমাণ** | | | | | |
| ১৪ . আবাসিক | একর | ১২৩০৭.৯২ | ১২৪৮৭.৯২ | ১২২২৭.৯২ | ১২১৭৭.৯২ |
| ১৫ . বাণিজ্যিক | একর | ১৯৮৩.৭০ | ২০৬৩.৭০ | ১৯৫৮.৭০ | ২০৩৩.৭০ |
| ১৬ . শিল্প কারখানা | একর | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৭ . অন্যান্য (রাস্তা, নর্দমা, পার্ক, স্কুল, মসজিদ ইত্যাদি ) | একর | ১৪৬৭.৪৫ | ১৪৬৭.৪৫ | ১৪৬৭.৪৫ | ১৩২০.৯৫ |
| **নির্মাণ কার্যক্রম** | | | | | |
| ১৮ . বাণিজ্যিক স্টল/দোকান | ব. মি. | ১৫৫০০.০০ | ৪০০০.০০ | ৪০০০.০০ | ১২০০০.০০ |
| ১৯ . সেতু | ব. মি. | ৩৭০০.০০ | ৪০০০.০০ | ৩৫০০.০০ | ৩০০০.০০ |
| ২০ . নর্দমা | ব. মি. | ৯২০০.০০ | ৭৫০০.০০ | ৮৫০০.০০ | ১০০০০.০০ |
| ২১ . সড়ক | ব. মি. | ৭০০০.০০ | ৭০০০.০০ | ৭৫০০.০০ | ৬৫০০.০০ |
| ২২ . মিলনায়তন | ব. মি. | ৭০০.০০ | ০.০০ | ৭০০.০০ | ৪০০.০০ |
| ২৩ . মসজিদ | ব. মি. | ৯৪০০.০০ | ২০০০.০০ | ৯৫০০.০০ | ২০০০.০০ |
| ২৪ . পার্ক | ব. মি. | ৫৪০০.০০ | ০.০০ | ৫৫০০.০০ | ০.০০ |
| ২৫ . ভূমি উনণয়ন | ব. মি. | ৮৮০০০.০০ | ৮৫০০০.০০ | ৮৫০০০.০০ | ৬০০০০.০০ |
| ২৬ . অন্যান্য (রাস্তা ও অন্যান্য) | ব. মি. | ৬০০০.০০ | ৪৫০০.০০ | ২১৫০০.০০ | ৩০০০.০০ |
| **ভাড়াযোগ্য সম্পত্তি** | | | | | |
| ২৭ . বাণিজ্যিক স্টল | সংখ্যা | ৩২.০০ | ৩০.০০ | ২৫.০০ | ২৫.০০ |
| ২৮ . বাণিজ্যিক ভবন | ব. মি. | ৪০৩২৫.০০ | ৪০৩০০.০০ | ৪০৩২৫.০০ | ৪০৩২৫.০০ |
| **ভাড়া প্রদান** | | | | | |
| ২৯ . বাণিজ্যিক স্টল | সংখ্যা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩০ . বাণিজ্যিক ভবন | ব. মি. | ৪৫০০.০০ | ৪২০০.০০ | ৪৫০০.০০ | ৪০০০.০০ |
| **গ্রাহক কর্তৃক ভোগ দখল হার** | | | | | |
| ৩১ . বাণিজ্যিক স্টল | % | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩২ . বাণিজ্যিক ভবন | % | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |

**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ**

**প্রাক্কলিত পরিচালন বৃত্তান্ত ২০২৩-২৪**

| বিবরণ | একক | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | প্রকৃত ২০২১-২২ |
|---|---|---|---|---|---|
| **রাজস্ব** | | | | | |
| ৩৩. পরিব্যয় ফি | লাখ টাকা | ৫০০.০০ | ৬০০.০০ | ৭০০.০০ | ২২৪.১০ |
| ৩৪. ইজারা জমির আয় | লাখ টাকা | ২৭৮০৪.০০ | ২৮৭৫৫.০০ | ২৫৮০০.০০ | ২০৯৯১.৯২ |
| ৩৫. একর প্রতি ইজারা | লাখ টাকা | ১০৬.৯৪ | ১০৯.১৩ | ৫৩.৯২ | ৮২.৮১ |
| ৩৬. মোট রাজস্ব আয়ের হার | % | ৮৩.৫৬ | ৮৪.২০ | ৮৩.৯১ | ৮৬.৮০ |
| ৩৭. দোকান ও মার্কেট | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৮. মোট রাজস্ব আয়ের হার | % | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩৯. পল্যান ইত্যাদির জন্য ফি | লাখ টাকা | ১৬০০.০০ | ১৫০০.০০ | ১৪০০.০০ | ১৫৭৮.৯৩ |
| ৪০. ভাড়া বাবদ আয় | লাখ টাকা | ১১০০.০০ | ১০০০.০০ | ৬০০.০০ | ৮৭১.৬৬ |
| ৪১. মোট রাজস্ব আয়ের হার | % | ৩.৩১ | ২.৯৩ | ১.৯৫ | ৩.৬০ |
| ৪২. হায়ার চার্জ | লাখ টাকা | ১৫.০০ | ১২.০০ | ১৫.০০ | ১১.৮৪ |
| ৪৩. গ্রাউন্ড রেন্ট | লাখ টাকা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪৪. অন্যান্য আয় (তফসিল-ক) | লাখ টাকা | ২২৫৭.০০ | ২২৮২.০০ | ২২৩২.০০ | ৫০৬.১৫ |
| ৪৫. মোট রাজস্ব আয় | লাখ টাকা | ৩৩২৭৬.০০ | ৩৪১৪৯.০০ | ৩০৭৪৭.০০ | ২৪১৮৪.৬০ |
| **ব্যয়** | | | | | |
| ৪৬. বেতন ও ভাতাদি (তফসিল-গ) | লাখ টাকা | ৭২২৬.৫০ | ৬৯৩৮.৫০ | ৬৯২৯.৫০ | ৫৪৩৭.০৬ |
| ৪৭. - মোট ব্যয়ের হার | % | ৪৫.২১ | ৪৫.৪২ | ৪৭.০৩ | ৪৫.৯০ |
| ৪৮. কর্মচারী কল্যাণ ও সুবিধাদি (তফসিল-ঘ) | লাখ টাকা | ২৩৪৭.০০ | ২২১৫.০০ | ২১৩৭.০০ | ১৬৭৭.৮৫ |
| ৪৯. -মোট ব্যয়ের হার | % | ১৪.৬৮ | ১৪.৫০ | ১৪.৫০ | ১৪.১৬ |
| ৫০. খাজনা, রেইট্স ও কর | লাখ টাকা | ১৮০.০০ | ২০০.০০ | ১৭০.০০ | ১৫৭.৬৭ |
| ৫১. বিদ্যুৎ | লাখ টাকা | ১৭০.০০ | ১৬০.০০ | ১৪০.০০ | ১৫৫.০১ |
| ৫২. ভ্রমণ | লাখ টাকা | ৫.০০ | ২.৫০ | ৫.০০ | ০.৭৬ |
| ৫৩. ডাক, টেলিফোন ইত্যাদি | লাখ টাকা | ১৮.০০ | ১৮.০০ | ১৮.০০ | ১৬.১১ |
| ৫৪. জবালানি ব্যয় | লাখ টাকা | ২০০.০০ | ১৬০.০০ | ১৯২.০০ | ১৪৮.৮৯ |
| ৫৫. প্রচার ও বিজ্ঞাপন | লাখ টাকা | ১২০.০০ | ১২০.০০ | ১১০.০০ | ৯৭.১৯ |
| ৫৬. মেরামত ও রক্ষণাবেক্ষণ (তফসিল-খ) | লাখ টাকা | ২৭১৫.০০ | ২৬১০.০০ | ২০৩৫.০০ | ২০৮০.১৪ |
| ৫৭. প্রশিক্ষণ | লাখ টাকা | ১০০.০০ | ৫০.০০ | ৩০০.০০ | ৪৫.১২ |
| ৫৮. অফিস ব্যয় (তফসিল-চ) | লাখ টাকা | ১৬৫.০০ | ১৭৫.০০ | ১৬০.০০ | ৬১.৩৭ |
| ৫৯. - মোট ব্যয়ের হার | % | ১.০৩ | ১.১৫ | ১.০৯ | ০.৫২ |
| ৬০. সুদ ব্যয় | লাখ টাকা | ৬৭৫.০০ | ৬৫০.০০ | ৬২৫.০০ | ৫৬৫.৯০ |
| ৬১. অবচয় | লাখ টাকা | ৫৫০.০০ | ৫২৫.০০ | ৫০০.০০ | ৪৪২.০১ |
| ৬২. অন্যান্য ব্যয় (তফসিল-ঙ) | লাখ টাকা | ১৫১২.০০ | ১৪৫২.০০ | ১৪১২.০০ | ৯৬০.২৯ |
| ৬৩. মোট পরিচালন ব্যয় | লাখ টাকা | ১৫৯৮৩.৫০ | ১৫২৭৬.০০ | ১৪৭৩৩.৫০ | ১১৮৪৫.৩৭ |
| ৬৪. মোট পরিচালন আয়ের হার | % | ৪৮.০৩ | ৪৪.৭৩ | ৪৭.৯২ | ৪৮.৯৮ |
| ৬৫. পরিচালন উদ্ধৃত্ত/(ঘাটতি) | লাখ টাকা | ১৭২৮৫.৫০ | ১৮৮৬৬.০০ | ১৬০১৩.৫০ | ১২৩৩৯.২৩ |
| ৬৬. অ-পরিচালন আয় (নীট) | লাখ টাকা | ১১০০০.০০ | ১০০০০.০০ | ১১০০০.০০ | ৬৮৮৬.১৭ |
| ৬৭. নীট উদ্ধৃত্ত/(ঘাটতি) | লাখ টাকা | ২৮২৮৫.৫০ | ২৮৮৬৬.০০ | ২৭০১৩.৫০ | ১৯২২৫.৪০ |

**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ**

**প্রধান কার্যালয়**

**প্রাক্কলিত আয় ও ব্যয়  ২০২৩-২৪**

**(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|
| **আয়** | | | | |
| ১ . ইউনিটসমূহ হতে লেভি সংগ্রহ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২ . সরকারি  অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৩ . বৈদেশিক অনুদান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪ . লাইসেন্স ফি, কর ইত্যাদি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫ . রেজিস্ট্রেশন ও বার্ষিক ফি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৬ . সেবার জন্য প্রাপ্য ফি | ২৯৯১৯.০০ | ৩০৮৬৭.০০ | ২৭৯২২.০০ | ২২৮০৬.৭৯ |
| ৭ . প্রকাশনা বিক্রয় | ২৫০.০০ | ২৭৫.০০ | ২৭৫.০০ | ২৮.৬৬ |
| ৮ . ব্যবসায়িক মুনাফা | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯ . প্রাপ্য সুদ | ১১০০০.০০ | ১০০০০.০০ | ১১০০০.০০ | ৬৮৮৬.১৭ |
| ১০ . প্রাপ্য ভাড়া | ১১০০.০০ | ১০০০.০০ | ৬০০.০০ | ৮৭১.৬৬ |
| ১১ . অন্যান্য | ২০০০.০০ | ২০০০.০০ | ১৯৫০.০০ | ৪৭৭.৪৯ |
| ১২ . মোট আয় | ৪৪২৬৯.০০ | ৪৪১৪২.০০ | ৪১৭৪৭.০০ | ৩১০৭০.৭৭ |
| **ব্যয়** | | | | |
| ১৩ . বেতন ও ভাতাদি | ৭৮৭৩.৫০ | ৭৫৫৩.৫০ | ৬৯২৯.৫০ | ৫৮৭৯.৩১ |
| ১৪ . কর্মচারীদের ভবিষ্য তহবিল/পেনশন ফান্ড | ১৭০০.০০ | ১৬০০.০০ | ১৫০০.০০ | ১২৩৫.৬০ |
| ১৫ . মেরামত ও রক্ষণাবেক্ষণ | ২৭১৫.০০ | ২৬১০.০০ | ২০৩৫.০০ | ২০৮০.১৪ |
| ১৬ . অবচয় | ৫৫০.০০ | ৫২৫.০০ | ৫০০.০০ | ৪৪২.০১ |
| ১৭ . প্রশিক্ষণ | ১০০.০০ | ৫০.০০ | ৩০০.০০ | ৪৫.১২ |
| ১৮ . সিএনজি, পেট্রল, অকটেন , লুব্রিকেন্ট ও অন্যান্য | ২০০.০০ | ১৬০.০০ | ১৯২.০০ | ১৪৮.৮৯ |
| ১৯ . সমাজ কল্যাণ ব্যয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২০ . উপদেষ্টা নিয়োগের জন্য ব্যয় | ৩৫.০০ | ৩০.০০ | ৩০.০০ | ৪.৩১ |
| ২১ . ভর্তুকি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২ . পরিশোধিতব্য সুদ | ৬৭৫.০০ | ৬৫০.০০ | ৬২৫.০০ | ৫৬৫.৯০ |
| ২৩ . অন্যান্য | ২১৩৫.০০ | ২০৯৭.৫০ | ২৬২২.০০ | ১৪৪৪.০৯ |
| ২৪ . মোট ব্যয় | ১৫৯৮৩.৫০ | ১৫২৭৬.০০ | ১৪৭৩৩.৫০ | ১১৮৪৫.৩৭ |
| ২৫ . মাথাপিছু ব্যয় (সুদ ব্যতীত ) (টাকা) | ১১৬৫০৩০.৪৪ | ১১১৩০৮৯.৮০ | ১০৮১৯৪০.১৮ | ১০৪০৫৪১.৫১ |
| ২৬ . হেড অফিস ও ইউনিটের ব্যয় হার | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২৭ . ব্যয় উদ্বৃত্ত আয়/(ঘাটতি) | ২৮২৮৫.৫০ | ২৮৮৬৬.০০ | ২৭০১৩.৫০ | ১৯২২৫.৪০ |

**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ**

**প্রধান কার্যালয়**

**প্রাক্কলিত মুনাফা ও তহবিল প্রবাহ ২০২৩-২৪** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|
| **তহবিলের উৎস** | | | | |
| ১. প্রারম্ভিক নগদ ও ব্যাংক স্থিতি | ২১,৪০০.০০ | ২১,৪০০.০০ | ২১,৪০০.০০ | ১৩,৪৫৮.৪৮ |
| ২. ব্যয় উদ্বৃত্ত আয় | ২৮,২৮৫.৫০ | ২৮,৮৬৬.০০ | ২৭,০১৩.৫০ | ১৯,২২৫.৪০ |
| ৩. অবচয় | ৫৫০.০০ | ৫২৫.০০ | ৫০০.০০ | ৪৪২.০১ |
| ৪. অন্যান্য (নগদ ব্যতীত) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. প্রাপ্য নতুন মূলধন | ৭৬,৯৪৩.০০ | ১৩৯,৪৫৯.০০ | ১০০,৮৯৫.০০ | ৪৪,০৪৩.২০ |
| ৬. প্রাপ্য ঋণ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৭. স্থায়ী পরিচালন সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮. অন্যান্য স্থায়ী সম্পত্তি বিক্রয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯. ব্যাংক ওভারড্রাফট বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০. পাওনাদারসহ অন্যান্য চলতি দায় বৃদ্ধি | ৮০,০০০.০০ | ৬৫,০০০.০০ | ৭৭,৪৯০.৩১ | ১৩২,৯১১.৫৬ |
| ১১. অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. মোট তহবিল সংগ্রহ | ২০৭,১৭৮.৫০ | ২৫৫,২৫০.০০ | ২২৭,২৯৮.৮১ | ২১০,০৮০.৬৫ |
| **তহবিলের প্রয়োগ** | | | | |
| ১৩. আয়কর | ৮,০০০.০০ | ৮,০০০.০০ | ৮,০০০.০০ | ৮,৩৫১.৫৮ |
| ১৪. পূর্ববর্তী বৎসরের সমন্বয় | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. সরকারি কোষাগারে প্রদেয় অবদান/লভ্যাংশ | ১,৮৩০.০০ | ১,৮৩০.০০ | ১,৮৩০.০০ | ৫০০.০০ |
| ১৬. স্থায়ী পরিচালন সম্পত্তিতে বিনিয়োগ | ৩,৭০০.০০ | ৯৭৫.০০ | ২,৬৮০.০০ | ৬০৬.৪৯ |
| ১৭. অন্যান্য স্থায়ী সম্পত্তিতে বিনিয়োগ | ৭৯,১১২.০০ | ৫৪,৭০৫.০০ | ১০৬,৫৪৫.০০ | ৫৫,১৫৬.২৫ |
| ১৮. দীর্ঘমেয়াদি ঋণ পরিশোধ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৯. মজুদসহ অন্যান্য চলতি সম্পদ বৃদ্ধি | ৮০,০০০.০০ | ৭২,০০০.০০ | ৩৫,৬৮৯.০০ | ১৪৭,৬২৮.৬৪ |
| ২০. সমাপনী নগদ ও ব্যাংক স্থিতি | ১৬,০০০.০০ | ২১,৪০০.০০ | ১৫,৫০০.০০ | ৯,৬৯০.৮৫ |
| ২১. অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২২. মোট তহবিল প্রয়োগ | ১৮৮,৬৪২.০০ | ১৫৮,৯১০.০০ | ১৭০,২৪৪.০০ | ২২১,৯৩৩.৮১ |
| ২৩. নীট তহবিল বৃদ্ধি/(ঘাটতি) | ১৮,৫৩৬.৫০ | ৯৬,৩৪০.০০ | ৫৭,০৫৪.৮১ | -১১,৮৫৩.১৬ |

**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ**

প্রধান কার্যালয়

প্রাক্কলিত স্থিতিপত্র জুন**২০২৪** **(লাখ টাকায়)**

| **বিবরণ** | **বাজেট ৩০ জুন ২০২৪** | **সংশোধিত ৩০ জুন ২০২৩** | **সাময়িক ৩০ জুন ২০২২** |
|---|---|---|---|
| **মূলধন ও দায়** | | | |
| ১. মূলধন | ২৮৯০১০২.৪৯ | ২৮১৩১৫৯.৪৯ | ২৬৭৩৭০০.৪৯ |
| ২. সংরক্ষিত তহবিল | ৫০৯৬৭৬.৪৯ | ৪৮১৩৯০.৯৯ | ৪৫২৫২৪.৯৯ |
| ৩. ইক্যুইটি | ৩৩৯৯৭৭৮.৯৮ | ৩২৯৪৫৫০.৪৮ | ৩১২৬২২৫.৪৮ |
| ৪. দীর্ঘমেয়াদি দায় | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৫. চলতি দায় | ১৬৮৭২৩.৭৯ | ৯৮৫৫৩.৭৯ | ৪৩৩৮৩.৭৯ |
| ৬. মোট দায় | ১৬৮৭২৩.৭৯ | ৯৮৫৫৩.৭৯ | ৪৩৩৮৩.৭৯ |
| ৭. মোট তহবিল | ৩৫৬৮৫০২.৭৭ | ৩৩৯৩১০৪.২৭ | ৩১৬৯৬০৯.২৭ |
| **মুলধন কাঠামো ও লিকুইডিটি অনুপাত** | | | |
| ৮. ঋণ মূলধন অনুপাত | ৫ : ৯৫ | ৩ : ৯৭ | ১:৯৯ |
| ৯. চলতি অনুপাত | ৫.৬৬ : ১ | ৮.৭৪ : ১ | ১৫.৯৭ : ১ |
| ১০. তবরিত সম্পদ অনুপাত | ২১.১৫ : ১ | ৩৪.৪৩ : ১ | ১৫.৯৭ : ১ |
| **সম্পওিসমূহ** | | | |
| ১১. ব্যবসা পরিচালনার স্থাবর সম্পত্তি | ১৮৪৯৬.৩০ | ১৪৭৯৬.৩০ | ১৩৮২১.৩০ |
| ১২. বাদ : ক্রমপুঞ্জিত অবচয় | ৭৯৮২.০৭ | ৭৪৩২.০৭ | ৬৯০৭.০৭ |
| ১৩. নীট স্থাবর সম্পত্তি | ১০৫১৪.২৩ | ৭৩৬৪.২৩ | ৬৯১৪.২৩ |
| ১৪. অন্যান্য স্থাবর সম্পত্তি | ২৬০৩৬২৯.৭২ | ২৫২৪৫১৭.৭২ | ২৪৬৯৮১২.৭২ |
| ১৫. চলতি সম্পদ | ৯৫৪৩৫৮.৮২ | ৮৬১২২২.৩২ | ৬৯২৮৮২.৩২ |
| ১৬. মোট সম্পদ | ৩৫৬৮৫০২.৭৭ | ৩৩৯৩১০৪.২৭ | ৩১৬৯৬০৯.২৭ |

**রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ**

**প্রধান কার্যালয়**

**প্রাক্কলিত নগদান প্রবাহ ২০২৩-২৪** **(লাখ টাকায়)**

| বিবরণ | বাজেট ২০২৩-২৪ | সংশোধিত বাজেট ২০২২-২৩ | অনুমোদিত বাজেট ২০২২-২৩ | সাময়িক ২০২১-২২ |
|---|---|---|---|---|
| **নগদানের উৎস** | | | | |
| ১. প্রারম্ভিক নগদ | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ২. ব্যাংক স্থিতি | ২১,৪০০.০০ | ২১,৪০০.০০ | ২১,৪০০.০০ | ১৩,৪৫৮.৪৮ |
| ৩. ব্যাংক (ওভারড্রাফট) | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৪. মোট প্রারম্ভিক নগদান (লাইন ১+২+৩) | ২১,৪০০.০০ | ২১,৪০০.০০ | ২১,৪০০.০০ | ১৩,৪৫৮.৪৮ |
| ৫. কর ও সুদপূর্ব নীট মুনাফা/(লোকসান) | ২৮,২৮৫.৫০ | ২৮,৮৬৬.০০ | ২৭,০১৩.৫০ | ৩৮,৪৫১.৬৩ |
| **যোগ : নগদানের রূপান্তরের খাতসমূহ** | | | | |
| ৬. অবচয় | ৫৫০.০০ | ৫২৫.০০ | ৫০০.০০ | ৪৪২.০১ |
| ৭. এ্যামোরটাইজেশন ও অন্যান্য | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৮. সম্পদ বিক্রয়ে লোকসান | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ৯. মজুদ হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১০. দেনাদার হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১১. অন্যান্য চলতি সম্পদ হ্রাস | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১২. পাওনাদার বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৩. ঋণের সুদ বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৪. আয়কর বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
| ১৫. অন্যান্য চলতি দায় বৃদ্ধি | ০.০০ | ০.০০ | ০.০০ | ০.০০ |
